

স্মারক নংঃ ১৯.০০.০০০০.৪৩৫.৩১.১০৯.১৮/ ৭৭৪

তারিখঃ ২৮ মে ২০২৪ ইং

প্রেরকঃ নওশীন রাহা হক
সহকারী সচিব, পূর্ব এশিয়া ও প্রশান্ত অনুবিভাগ
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র মন্ত্রণালয়)
১ম ১২ তলা সরকারি ভবন
সেগুনবাগিচা, ঢাকা

বিষয়ঃ আগামী ৩ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩-তম ফরেন অফিস কনসালটেশন (এফওসি) —এর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদলের চীন সফরের প্রশাসনিক মঞ্জুরি

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে আগামী ৩ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩-তম ফরেন অফিস কনসালটেশন (এফওসি) —এর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণের চীন সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করা হলোঃ

ক্রমিক নং	নাম	পদবী
ক)	জনাব মাসুদ বিন মোমেন	পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) এবং প্রতিনিধিদলের প্রধান
খ)	জনাব তৌফিক হাসান	মহাপরিচালক (পূর্ব এশিয়া ও প্রশান্ত), পররাষ্ট্র মন্ত্রণালয়
গ)	জনাব মোহাম্মদ জোবায়েদ হোসেন	পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়
ঘ)	জনাব মোঃ সাকিবুর রহমান ডুইয়া	সিনিয়র সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত), পররাষ্ট্র মন্ত্রণালয়

০২। উল্লিখিত প্রশাসনিক মঞ্জুরির শর্তসমূহ নিম্নরূপঃ

- ক) এ সফরকালে উল্লিখিত কর্মকর্তাগণ সরকারি কাজে কর্মরত রয়েছেন বলে গণ্য হবেন এবং বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
খ) উক্ত সফরের নিমিত্ত উল্লিখিত কর্মকর্তাগণ আগামী ৩১ মে ২০২৪ তারিখ (বা তার নিকটবর্তী সময়ে) চীনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ৪ জুন ২০২৪ (বা তার নিকটবর্তী সময়ে) ঢাকার উদ্দেশ্যে চীন ত্যাগ করবেন।
গ) উল্লিখিত প্রতিনিধিদলের কোন সদস্য অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
ঘ) উল্লিখিত সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট কোড “৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়” হতে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত

নওশীন রাহা হক
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)
ফোনঃ ০২-২২৩৩৮৮৬০০
ই-মেইলঃ aseap@mofa.gov.bd

স্মারক নংঃ ১৯.০০.০০০০.৪৩৫.৩১.১০৯.১৮/ ৭৭৪

তারিখঃ ২৮ মে ২০২৪ ইং

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়), সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। মহাপরিচালক (পূর্ব এশিয়া ও প্রশান্ত), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। পরিচালক (সংস্থাপন/ এফএসও/ অর্থ/ এফএমও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৭। অফিস কপি।

Nawshin Raha
28.05.2024

নওশীন রাহা হক
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)
ফোনঃ ০২-২২৩৩৮৮৬০০
ই-মেইলঃ aseap@mofa.gov.bd